# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১৮]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৭: ইস্তেখারা (মঙ্গল জ্ঞান লাভ করা) ও পরামর্শ করা প্রসঙ্গে

بَابُ الْاِسْتِخَارَةِ وَالْمُشَاوَرَةِ ـ (97)

---

আরবী

وَعَن جَابِرٍ رضي الله عنه، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يُعَلِّمُنَا الاسْتِخَارَةَ في الأُمُورِ كُلِّهَا كَالسُّورَةِ مِنَ القُرْآنِ، يَقُولُ: إِذَا هَمَّ أحَدُكُمْ بِالأَمْرِ، فَلْيَركعْ رَكْعَتَيْنِ مِنْ غَيْرِ الفَرِيضَةِ، ثُمَّ لِيَقُلْ: اَللهم إِنِّي أسْتَخِيرُكَ بِعِلْمِكَ، وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ، وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ العَظِيْمِ، فَإنَّكَ تَقْدِرُ وَلاَ أقْدِرُ، وَتَعْلَمُ وَلاَ أعْلَمُ، وَأَنْتَ عَلاَّمُ الْغُيُوبِ . اَللهم إنْ كُنْتَ تَعْلَمُ أنَّ هَذَا الأمْرَ خَيْرٌ لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةِ أمْرِي أَوْ قَالَ: عَاجِلِ أمْرِي وَآجِلِهِ، فَاقْدُرْهُ لِي وَيَسِّرْهُ لِي، ثُمَّ بَارِكْ لِي فِيهِ . وَإنْ كُنْتَ تَعْلَمُ أنَّ هَذَا الأَمْرَ شَرٌّ لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةِ أَمْرِي أَوْ قَالَ: عَاجِلِ أمْرِي وَآجِلِهِ ؛ فَاصْرِفْهُ عَنّي، وَاصْرِفْنِي عَنْهُ، وَاقْدُرْ لِيَ الخَيْرَ حَيْثُ كَانَ، ثُمَّ أَرْضِنِي بِهِ قَالَ: وَيُسَمِّيْ حَاجَتَهُ . رواه البخاري .

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

﴿وَشَاوِرۡهُمۡ فِي ٱلۡأَمۡرِۖ ﴾ [ال عمران: ١٥٩]

অর্থাৎ “কাজে-কর্মে তুমি তাদের সাথে পরামর্শ কর।” (সূরা আলে ইমরান ১৫৯ আয়াত)

তিনি অন্যত্র বলেছেন,

﴿ وَأَمۡرُهُمۡ شُورَىٰ بَيۡنَهُمۡ ﴾ [الشورى: ٣٨]

অর্থাৎ “তারা আপোসে পরামর্শের মাধ্যমে নিজেদের কর্ম সম্পাদন করে।” (সূরা শূরা ৩৮ আয়াত)

১/৭২২। জাবের রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যাবতীয় কাজের জন্য ইস্তেখারা শিখাতেন। যেভাবে কুরআনের সূরা শিক্ষা দিতেন। (আর) বলতেন, ’যখন তোমাদের কারো কোন বিশেষ কাজ করার ইচ্ছা হয়, তখন সে যেন ফরয সালাত ব্যতীত দু’ রাকআত নামায পড়ে এই দো’আ বলেঃ-

’’আল্লা-হুম্মা ইন্নী আস্তাখীরুকা বইলমিকা অ আস্তাক্বদিরুকা বি ক্বুদরাতিকা অ আসআলুকা মিন ফাযবলিকাল আযীম, ফাইন্নাকা তাক্বদিরু অলা আক্বদিরু অতা’লামু অলা আ’লামু অ আন্তা আল্লা-মুল গুয়ূব। আল্লা-হুম্মা ইন কুন্তা তা’লামু আন্না হা-যাল আমরা (এখানে যে কাজের জন্য ইস্তেখারা করা হচ্ছে তা মনে মনে উল্লেখ করবে) খাইরুল লী ফী দ্বীনী অ মাআ’শী অ আ’-ক্বিবাতি আমরী অ আ’-জিলিহী অ আ-জিলিহ, ফাক্বদুরহু লী, অয়্যাস্সিরহু লী, সুম্মা বা-রিক লী ফীহ। অইন কুন্তা তা’লামু আন্না হা-যাল আমরা শার্রুল লী ফী দ্বীনী অ মাআ’শী অ আ’-ক্বিবাতি আমরী অ আ’-জিলিহী অ আ-জিলিহ, ফাস্বরিফহু আন্নী অস্বরিফনী আনহু, অক্বদুর লিয়াল খাইরা হাইসু কা-না সুম্মা আরযিবনী বিহ।’’

অর্থ- হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট তোমার ইলমের সাথে মঙ্গল প্রার্থনা করছি। তোমার কুদরতের সাথে শক্তি প্রার্থনা করছি এবং তোমার বিরাট অনুগ্রহ থেকে ভিক্ষা যাচনা করছি। কেননা, তুমি শক্তি রাখ, আমি শক্তি রাখি না। তুমি জান, আমি জানি না এবং তুমি অদৃশ্যের পরিজ্ঞাতা। হে আল্লাহ! যদি তুমি এই (এখানে যে কাজের জন্য ইস্তেখারা করা হচ্ছে তা মনে মনে উল্লেখ করবে) কাজ আমার জন্য আমার দ্বীন, দুনিয়া, জীবন এবং কাজের বিলম্বিত ও অবিলম্বিত পরিণামে ভালো জান, তাহলে তা আমার জন্য নির্ধারিত ও সহজ করে দাও। অতঃপর তাতে আমার জন্য বরকত দান কর। আর যদি তুমি এই কাজ আমার জন্য আমার দ্বীন, দুনিয়া, জীবন এবং কাজের বিলম্বিত ও অবিলম্বিত পরিণামে মন্দ জান, তাহলে তা আমার নিকট থেকে ফিরিয়ে নাও এবং আমাকে ওর নিকট থেকে সরিয়ে দাও। আর যেখানেই হোক মঙ্গল আমার জন্য বাস্তবায়িত কর, অতঃপর তাতে আমার মনকে পরিতুষ্ট করে দাও।

তিনি বলেন, ’’সে এ সময়ে তার প্রয়োজনের বিষয়টি উল্লেখ করবে।’’ (অর্থাৎ দো’আ কালীন সময়ে ’আন্না হা-যাল আমরা’ এর জায়গায় প্রয়োজনীয় বিষয়টি উল্লেখ করবে।)[1]

## English

(97) Chapter: Istikhara (Seeking Guidance from Allah), and Consultation

Allah, the Exalted, says:
"And consult them in the affairs.'' (3:159)
"And who (conduct) their affairs by mutual consultation.'' (42:38)

Jabir (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) used to teach us the Istikharah (seeking guidance from Allah) in all matters as he would teach us a Surah of the Qur'an. He used to say: "When one of you contemplates entering upon an enterprise, let him perform two Rak'ah of optional prayer other than Fard prayers and then supplicate: "Allahumma inni astakhiruka bi 'ilmika, wa astaqdiruka bi qudratika, wa as-'aluka min fadlikal-'azim. Fainnaka taqdiru wa la aqdiru, wa ta'lamu wa la a'lamu, wa Anta 'allamul- ghuyub. Allahumma in kunta ta'lamu anna hadhal-'amra (and name what you want to do) khairun li fi dini wa ma'ashi wa 'aqibati amri, (or he said) 'ajili amri ajilihi, faqdurhu li wa yassirhu li, thumma barik li fihi. Wa in kunta ta'lamu anna hadhal 'amra (and name what you want to do) sharrun li fi dini wa ma'ashi wa 'aqibati amri, (or he said) wa 'ajili amri wa ajilihi, fasrifhu 'anni, wasrifni 'anhu, waqdur liyal-khaira haithu kana, thumma ardini bihi." (O Allah, I consult You through Your Knowledge, and I seek strength through Your Power, and ask of Your Great Bounty; for You are Capable whereas I am not and, You know and I do not, and You are the Knower of hidden things. O Allah, if You know that this matter (and name it) is good for me in respect of my Deen, my livelihood and the consequences of my affairs, (or he said), the sooner or the later of my affairs then ordain it for me, make it easy for me, and bless it for me. But if You know this matter (and name it) to be bad for my Deen, my livelihood or the consequences of my affairs, (or he said) the sooner or the later of my affairs then turn it away from me, and turn me away from it, and grant me power to do good whatever it may be, and cause me to be contented with it). And let the supplicant specify the object."

[Al-Bukhari]

Commentary: Literally Istikharah means seeking goodness from Allah through a particular prayer. This Hadith lays emphasis on it and displays its significance. We should, therefore, practise Istikharah regarding every important
matter. However, it is imperative only in cases where one is ignorant of good and evil. Yet, with regard to obligatory and indisputable rules, practices of the Prophet (PBUH) and commendable deeds, no Istikharah is allowed. Similarly, commands and prohibitions of the Shari`ah are categorical and nobody is allowed to seek further guidance by performing Istikharah prayer. Moreover, to set aside the example of the Prophet (PBUH) of Istikharah, and to trust astrologers, palmists and soothsayers seeking the knowledge of future events is sheer ignorance and unpardonable error. The knowledge of the Unseen (or Ghaib) is the domain of Allah Alone and man is supposed to seek His Blessings. Only Allah is Omnipotent and humans must turn to Him

to seek inspiration and strength,
trusting everything to his Care.

Istikharah prayer can be offered at any time except in the forbidden hours for prayer because the performance of two Rak`ah is a prerequisite to it. Some people think that the right time for it is before going to bed. This is not true. This supplication (Du`a) can be offered even after performing the two Rak`ah of Istikharah prayer, or before Taslim (i.e., saying Assalamu `Alaikum to conclude the prayer) after Tashahhud or in the state of prostration. If somebody does not know this Du`a by heart, he can, after performing the prayer, read it from some prayerbook.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১১৬৬, ৬৩৮২, ৭৩৯০, তিরমিযী ৪৮০, নাসায়ী ৩২৫৩, আবূ দাউদ ১৫৩৮, ইবনু মাজাহ ১৩৮৩, আহমাদ ১৪২৯৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23687

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন